

ঢাকা রাজশাহী ও জগন্নাথ ভার্সিটি আজ খুলছে

● স্বস্তি ফিরে আসছে শিক্ষায় ● ৬ মাসের সেশনজটের আশংকা

৥ সাইদুর রহমান ৥

ঢানা ৬৬ দিন অনির্ধারিত বন্ধ থাকার পর আজ রবিবার ঢাকা রাজশাহী ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হচ্ছে। দীর্ঘদিন পর আবার স্বাভাবিক অবস্থা ফিরে আসছে এই তিন শিক্ষায়তনে। তবে অচলাবস্থার জন্য শিক্ষার্থীদের ওপর কমপক্ষে ৬ মাসের সেশনজট চোপ বসেছে।

এদিকে শনিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন অধ্যাপক ড. এসএমএ ফার্মেজের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় পুনরায় কারাবন্দি ছাত্র-শিক্ষকদের মুক্তির্জন্য স সরকারের প্রতি অনুরোধ জানান হয়েছে। ইতিমধ্যে জাহাঙ্গীরনগর, চট্টগ্রাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু

হয়েছে। হুলে খুলে দেয়া হয়েছে। গত ২৩ অক্টোবর ঢাকা ও ২৬ অক্টোবর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হুল খুলে দেয়া হয়।

দীর্ঘদিন ক্যাম্পাস বন্ধ থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের কমপক্ষে ৬৪০টি পরীক্ষা স্থগিত করতে হয়েছে। এর মধ্যে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের ২৫৪টি পরীক্ষা, বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসি অনুষদের ১৫০টি পরীক্ষা, বাণিজ্য অনুষদের ১০০টি ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদভুক্ত কলেজের কমপক্ষে ১৩৫টি পরীক্ষা স্থগিত করতে হয়েছে বলে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সূত্রে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বাহালুল হক চৌধুরী জানান, স্থগিত পরীক্ষাসমূহ নিতে কমপক্ষে ৩ মাস সময় লাগবে। আগামী ৫ নভেম্বর থেকে নতুন (৪র্থ পৃঃ ৩-এর কঃ ১১)

ঢাকা রাজশাহী জগন্নাথ

(প্রথম পৃঃ পর)

সময়সূচি অনুযায়ী পরীক্ষা নেয়া হবে। তবে নর্টপ্টিরা আশংকা করছেন, দীর্ঘদিন বিশ্ববিদ্যালয় অনির্ধারিত বন্ধ থাকার ফলে ৬ মাসের সেশনজট পড়তে হবে শিক্ষার্থীদের। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগে ১ বছরের সেশনজট রয়েছে।

আগামী ৪ঠা নভেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রমও শুরু হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের তিন অধ্যাপক ড. এসএমএ ফার্মেজ বলেন, কোনভাবে দেন শিক্ষা কার্যক্রম বিঘ্নিত না হয় সেদিকে সর্বশেষ খেয়াল রাখতে হবে। সেশন জট নিরসনের জন্য এখন থেকে প্রতিটি বিভাগ ও ইনস্টিটিউটে ঠিকমতো ক্লাস ও পরীক্ষা নেয়ার জন্য বলা হয়েছে। তিনি ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ বজায় রাখার জন্য সরকারের সহযোগিতা কামনা করেন।

এদিকে ক্যাম্পাসের সার্বিক পরিষ্কার নিয়ে শনিবার তিনস কমিটি ও সিন্ডিকেটের সভা অনুষ্ঠিত হয়। সিন্ডিকেট সভায় ক্লাস গ্রহণের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সিদ্ধান্তকে অস্বীকার জানাচ্ছে হয়। কারাবন্দি ছাত্র-শিক্ষকের মুক্তির্জন্য সিন্ডিকেট পুনরায় সরকারের কাছে অনুরোধ করেছে। তিনস কমিটির সভায় আগামী ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ পিছিয়ে ১১ জানুয়ারি নির্ধারণ করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে আজ জগন্নাথ বিশ্ববিদ্যালয় খুলছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। শিক্ষার্থীদের পরিচয়পত্র বা ভর্তির হসিন্দপত্র/সেমিনার কার্ড সঙ্গে নিয়ে শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসতে পারবেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী অফিস জানায়, দুই মাসেরও বেশি সময় বন্ধ থাকার পর আজ রবিবার রাজশাহী বিশ্ববিদ্যালয় খুলছে। এর আগে গত ২৫ অক্টোবর থেকে আবাসিক হলগুলো খুলে দেয়া হয়েছে। হলগুলো খুলে দেয়ার পরই ক্যাম্পাসে আবারো প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে। ক্যাম্পাসে সন্ধ্যায় ১৫টি আবাসিক হল একযোগে খুলে দেয়ার পর অধিকাংশ শিক্ষার্থীই ক্যাম্পাসে ফিরেছে। বহুদিন পর বন্ধদের কাছে পেয়ে কোলাহুলি আর কুপল বিনিময়ে বাস্তব সমস্যা কাটাচ্ছে তারা। হল প্রত্যেক ও আবাসিক শিক্ষকদের উপস্থিতিতে শিক্ষার্থীরা তাদের পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ করছে।

গত ২০, ২১ ও ২২ আগস্টের সহিংস ঘটনায় রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও আবাসিক হল অনির্ধারিতকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আজ থেকে শুরু হবে ক্লাস। সেইসাথে বিভিন্ন বিভাগ নির্ধারণ করে পরীক্ষার সময়সূচি।

পাবি আম খুলছে ৪ নভেম্বর

থেকে ভর্তি ফর্ম বিতরণ শুরু

পাহালাল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানায় ইমুল ফিতর ও দুর্গাপূজার দীর্ঘ ২০ দিনের

পর আজ রবিবার পাহালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় খুলছে। ইতিমধ্যে আবাসিক হল এবং মেসগুলোতে ছাত্র-ছাত্রীরা ফিরে এসেছে।

এদিকে আগামী ৪ নভেম্বর থেকে ২০০৭-০৮ শিক্ষাবর্ষের ভর্তি ফর্ম বিতরণ ও ছাত্রা দান কার্যক্রম শুরু হবে। ২৯ নভেম্বর পর্যন্ত এ কার্যক্রম চলবে।

নরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল (মহম্মদসিংহ) থেকে সংবাদদাতা জানান, মহম্মদসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার থেকে আবার ক্লাস শুরু হচ্ছে। ২০ দিন বন্ধ থাকার পর আবার ক্লাস হওয়ার প্রাকালে ক্যাম্পাসে প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আমিনুল ইসলাম জানান, আজ থেকে ক্লাস শুরু হলেও ৪ দিন পূর্বেই বিশ্ববিদ্যালয় খোলা হয়েছে এবং প্রাথমিক কাজ চমকে। বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রমে ব্যাপারে তিনি জানান, এ ব্যাপারে পরবর্তী সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত নেয়া হবে।